যে ব্যক্তি জুমু‘আর দিন অযু করল সে যথেষ্ট করল ও ভালো করল, আর যে গোলস করল সে অধিক উত্তম।

সামুরাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি জুমু‘আর দিন অযু করল সে যথেষ্ট করল ও ভালো করল, আর যে গোলস করল সে অধিক উত্তম।” [হাসান] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি
আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন। - এটি দারিমী বর্ণনা করেছেন]

“যে ব্যক্তি জুমু‘আর দিন ওযূ করল।” অর্থাৎ জুমু‘আর সালাতের অযু “সে যথেষ্ট করল” অর্থাৎ সে সুন্নাত পালন করল এবং অনুমোদিত আমল করল। “এবং ভালো করল” অর্থাৎ সুন্নাত পালনের কারণে সে ভালো কর্ম করল। এটি তার জন্য প্রসংশা। “আর যে ব্যক্তি জুমু‘আর দিন গোসল করল সে অধিক উত্তম।” অর্থাৎ যে ব্যক্তি জুমু‘আর দিন অযুর সাথে গোসল করল, তা গোসল ছাড়া শুধু অযু করা অপেক্ষা অধিক উত্তম। অধিকাংশ আলেম এ পদ্ধতিকে গ্রহণ করেছেন। তাদের মধ্যে রয়েছে চার ইমাম। তাদের মতের পক্ষে আরও প্রমাণ, সহীহ মুসলিমে বর্ণিত হাদীস: যে ব্যক্তি সুন্দরভাবে অযু করে জুমু‘আর সালাতে উপস্থিত হয়ে মনোযোগ দিয়ে খুতবা শুনলো এবং চুপ থাকলো তার এক জুমু‘আ থেকে অপর জুমু‘আর মাঝখানের এবং আরও অতিরিক্ত তিন দিনের গুনাহগুলো ক্ষমা করে দেওয়া হবে।

http://sunnah.global/hadeeth/bn/show/10035